দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 19 NOV 2016 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৫ ...

# এসএসসির ফরম পূরণে কালিহাতীতে বাড়তি ফি আদায়

**নিজস্ব সংবাদদাতা, টাঙ্গাইল, ১৮ নবেম্বর ॥** কালিহাতী উপজেলার ৫৩ উচ্চ বিদ্যালয় ও ১৯ দাখিল মাদ্রাসায় এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ উঠেছে। জানা যায়, কালিহাতী উপজেলা মাধ্যমিক শিক্ষক ও মাদ্রাসা শিক্ষক সমিতির সিদ্ধান্ত মোতাবেক প্রতিটি উচ্চ বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় ৪ থেকে সাড়ে ৪ হাজার টাকা করে প্রত্যেক পরীক্ষার্থীর কাছ থেকে আদায় করা হচ্ছে বলে পরীক্ষার্থী ও তাদের অভিভাবকদের কাছ থেকে জানা গেছে।

কালিহাতী উপজেলার চার সহস্রাধিক ছাত্রছাত্রী এ বছর এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম পূরণ করছে। বিদ্যালয়ের ভৌতিক পাওনা, কোচিং ফি, উন্নয়ন ও মানবিক [illegible] বোর্ড নির্ধারিত ফির ৩ গুণ বেশি অর্থ আদায় করে ফরম পূরণ করছে। তাতে প্রায় ১ কোটি ৮০ লাখ টাকা অতিরিক্ত আদায় করা হচ্ছে। এতে স্থানীয় পরীক্ষার্থী ও অভিভাবকদের মাঝে ক্ষোভ বিরাজ করছে। এ ব্যাপারে কালিহাতী আর.এস. পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান তালুকদার জানান, তাঁর বিদ্যালয়ে কোন পরীক্ষার্থীর কাছ থেকে ২ হাজার টাকার বেশি অর্থ ফরম পূরণের জন্য নেয়া হচ্ছে না। কালিহাতী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হারুন-অর-রশিদ জানান, অতিরিক্ত ফি আদায়ের বিষয়ে তিনি কিছু জানেন না। বোর্ড নির্ধারিত ১৮শ' টাকা ফি এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম পূরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে জানিয়ে দেয়া হয়েছে। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি আবুল কাশেম জানান, অতিরিক্ত ফি আদায়ের বিষয়ে আমার জানা নাই। তবে যদি কোন বিদ্যালয় বোর্ড নির্ধারিত ফি থেকে বেশি আদায় করে সে দায়ভার তাদের। এ দায়ভার আমাদের শিক্ষক সমিতি বহন করবে না।